আলমডাঙ্গায় পিকআপের ধাক্কায় স্কুল ছাত্র আহত

আলমডাঙ্গায় জগন্নাথপুর মাঠের নিকট পকআপের ধাক্কায় স্কুল ছাত্র গুরুত্বর আহত হয়েছে। সোমবার সকাল ৯ টার দিকে এ ঘটনাটি ঘটে। আহত স্কুল ছাত্রকে উদ্ধার হারদি স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠায় স্থানীয়রা।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার কালিদাসপুর ইউনিয়নের জগন্নাথপুর গ্রামের আকরাম আলীর ছেলে হৃদয়। প্রতিদিনের ন্যায় গতকাল সোমবার সকালে প্রাইভেট পড়ে বাইসাইকেল যোগে বাড়ি ফিরছিলো।

সামনে থেকে আসা দ্রুত গতির পিকআপ গাড়ি তাকে ধাক্কা দিলে ছিটকে পড়ে হৃদয়। এসময় স্থানীয়রা দ্রুত ছুটে এসে হৃদয়কে উদ্ধার করে আলমডাঙ্গা উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে পাঠায়। এসময় গাড়ির ড্রাইভার গোপনে পালিয়ে যায়। এ ঘটনায় আলমডাঙ্গা থানা পুলিশ পিকআপ গাড়ি উদ্ধার করে থানা হেফাজতে রাখে।

চুয়াডাঙ্গা পুলিশ সুপারের তত্ত্বাবধানে স্বাভাবিক জীবনে ফেরার শপথ মাদক ব্যবসায়ী তরিকুলের

চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম পেশাগত দায়িত্বের পাশাপাশি সমাজের সকল প্রকার অন্যায় ও অবিচারের বিরুদ্ধে হয়েছেন কঠোর তারই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গায় আর এক মাদক ব্যবসায়ী মোঃ তরিকুল ইসলাম
(৩৫) কে শপথ করিয়া স্বাভাবিক জীবনে ফেরার অঙ্গীকারবদ্ধ করলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার। সকল প্রকার মানবিক কাজে সহযোগিতা করার জন্য এরই মধ্যে তিনি মানবিক পুলিশ সুপার নামে খেতাব অর্জন করেছেন

।

সোমবার বেলা সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা পুলিশ সুপারের কার্যালয়ে হাজির হয়ে জীবনে আর কখনো মাদক ব্যবসা না করার অঙ্গীকার ব্যক্ত করে তার সাথে থাকা স্ত্রী ও দুই পুত্র সন্তানের উপস্থিতিতে শপথ করেন মাদক ব্যবসায়ী তরিকুল ইসলাম । এ সময় পুলিশ সুপার জাহিদুল ইসলাম বলেন, ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ, ড. বেনজীর আহমেদ, বিপিএম (বার) বাংলাদেশকে মাদকমুক্ত করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেছেন।

যার প্রেক্ষিতে দেশ ব্যাপী বাংলাদেশ পুলিশ মাদক নির্মূলে নানামুখী তৎপরতা শুরু করেছে। চুয়াডাঙ্গা জেলা পুলিশের ধারাবাহিক মাদক বিরোধী অভিযানে মাদক ব্যবসায়ী ও মাদকসেবীরা কোণঠাসা হয়ে পড়েছে।

চুয়াডাঙ্গা সদর থানাধীন শংকরচন্দ্র ইউনিয়নের, গড়াবাড়িয়া গ্রামের মোঃ জামাল উদ্দিন এর পুত্র মোঃ তরিকুল ইসলাম (৩৫) পুলিশি মাদক বিরোধী তৎপরতায় মাদক ব্যবসা পরিত্যাগ করে স্বাভাবিক জীবনে ফিরে আসার জন্য আত্মসর্মপণ করার সিদ্ধান্ত নেন।
এ সময় তিনি আরো বলেন কোন মাদক ব্যবসায়ীকে ছাড় দেওয়া হবে না। বিধায় আসন্ন বিপদ আসার পূর্বেই সকল মাদক ব্যবসায়ীকে আত্মউপলদ্ধি থেকে মাদক ব্যবসা ছেড়ে স্বাভাবিক জীবনে ফিরে আসার এবং ধর্মীয় অনুশাসন মেনে চলার আহব্বান জানান।

গাংনীতে প্রকাশ্যে বোমা হামলা মামলার সুষ্ঠু তদন্তের দাবীতে সংবাদ সম্মেলন

গাংনীর সাহারবাটি গ্রামে প্রকাশ্যে বোমা বিষ্ফোরণ ও সংঘর্ষের ঘটনায় দায়ের করা মামলায় বাজারে সিসি টিভি ফুটেজ দেখে প্রকৃত অপরাধীদের সনাক্ত করে সুষ্ঠু তদন্তের দাবীতে সংবাদ সম্মেলন করেছেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি ও সাহারবাটি গ্রামের

বাসিন্দা রাকিবুল ইসলাম টুটুল। সোমবার বিকেলে সাহারবাটি ক্লাবপাড়া মোড়ে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

রাকিবুল ইসলাম টুটুল তার বক্তব্যে বলেন, চলতি বছরের ২৪ এপ্রিল সাহারবাটি গ্রামে প্রকাশ্যে বোমা হামলা ও সংঘর্ষের ঘটনা ঘটে। এতে টুটুল পক্ষের ২৬ জনকে আসামী করা হয়। মামলার সকল আসামী বর্তমানে জামিনে রয়েছে। মামলাটি তদন্ত যাতে সুষ্ঠু নিরপেক্ষ হয় সে ব্যাপারে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন । বোমাহামলার স্পট চারচারা বাজারে স্থাপিত সিসি টিভির ফুটেজ সংগ্রহ করার দাবীও জানান তিনি।
সংবাদ সম্মেলনে আরো জানান, আসন্ন ইউপি নির্বাচনে অংশ গ্রহণের আশাবাদ ব্যক্ত করায় প্রতিপক্ষরা ঈশর্^◌ান্বিত হয়ে নানা অপবাদ ছড়ানো ছাড়াও মিথ্যা মামলা করছেন আমিসহ আমার সমর্থকদের বিরুদ্ধে।

তাছাড়া ২০২০ সালে হামলা ও ভাংচুর চালায় গ্রামের আমানুরসহ অন্যান্যরা। এঘটনায় একটি মামলাও করা হয়। ওই মামলায় ৮ জনকে আসামী করা হয়। মামলাটি বর্তমানে জেলা গোয়েন্দা বিভাগের উপর তদন্তভার রয়েছে। ২০১৩ সাল থেকেই তাকে হত্যার চেষ্টা করা হচ্ছে বলেও দাবী করেন রাকিবুল ইসলাম টুটুল। তিনি আরো জানান, আমার তরুণ কর্মীদের মিথ্যা মামলায় ফাঁসানোর জন্য একজন মক্ষè◌ী রানীকে ভাড়া করে মিথ্যা কথা বলানোর চেষ্টা করে প্রতিপক্ষরা। সে বিষয়ে গাংনী থানার তৎকলীণ অফিসার ইনচার্জ(ওসি) ওবাইদুর রহমান তাদের থানায় নিয়ে আসেন। পরে তদন্তকরে ওই সকল তরুন যুবকদের তাদের পরিবারের কাছে হস্তান্তর করে। সেখানেও মিথ্যার পরাজয় হয়ে সত্য প্রতিষ্ঠিত হয়েছে। সংবাদ সম্মেলনে বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রীক মিডিয়ার সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান

আটক -১

চুয়াডাঙ্গা আলমডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর অভিযান পরিচালনা করে লাল্টু মিয়া নামের এক মাদক ব্যাবসায়ীকে আটক করেছে।

সোমবার বেলা সাড়ে চারটার সময় আলমডাঙ্গা উপজেলার গোবিন্দপুর গ্রামে তার নিজ বাড়িতে অভিযান চালিয়ে ১শ’ অ্যাম্পুল ভারতীয় বুপ্রেনরফাইন ইনজেকশনসহ তাকে আটক করে। আটককৃত লাল্টু মিয়া (৪১) আলমডাঙ্গা উপজেলার গোবিন্দপুর ঈদগাহ পাড়ার রুহুল আমিনের ছেলে।

চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক শরিয়তউল্লাহর নেতৃত্বে সোমবার বেলা সাড়ে ৪ টার দিকে গোপণ সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আব্দুল্লাহ আল মানুন, উপপরিদর্শক আবুল কালাম আজাদসহ সঙ্গীয় ফোর্স লাল্টুর বাড়িতে অভিযান চালিয়ে তাকে আটক করে। আটককৃত লাল্টুর শিকারোক্তিতে তার ঘরে তল্লাশি চালিয়ে টেবিলের ড্রয়ারে রাখা ১শ’ অ্যাম্পুল ভারতীয় বুপ্রেনরফাইন ইনজেকশন উদ্ধার করা হয়।

আটককৃত লাল্টুকে মামলাসহ আলমডাঙ্গা থানায় সোপর্দ করা হয়েছে। চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মো. শরিয়তউল্লাহ জানান, আটককৃত লাল্টু এলাকার একজন চিহ্নিত মাদক ব্যাবসায়ী। তার বিরুদ্ধে একাধিক মাদক মামলা আছে।

ঝিনাইদহ সদর উপজেলা স্বাস্থ্যকেন্দ্রে টিকাদান কার্যক্রম শুরু

ঝিনাইদহে করোনা ভাইরাসের টিকাদান কার্যক্রম আরো গতিশীল করতে সদর উপজেলা স্বাস্থ কেন্দ্রে শুরু হয়েছে টিকা প্রদান।
সোমবার সকাল ১০ টার দিকে কার্যক্রমের উদ্বোধন করেন সদর উপজেলা স্বাস্থ ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: শামীম কবির।

এসময় উপজেলা স্বাস্থ কেন্দ্রের মেডিকেল অফিসার রোগনিয়ন্ত্রণ বিভাগ ডা: আশিফা আশরাফী আইভী, মেডিকেল অফিসার ডা: সুমনা তাসনীম সহ উপজেলার বিভিন্ন পর্যায়ের স্বাস্থ কর্মীরা উপস্থিত ছিলেন।

জেলা সদর হাসপাতালের পাশাপাশি সদর উপজেলা স্বাস্থ কেন্দ্রে (পুরাতন হাসপাতাল) দুইটি বুথের মাধ্যমে টিকা প্রদান করা হচ্ছে। কেন্দ্র দুটি থেকে প্রতিদিন ছয় শত মানুষ সুরক্ষা এ্যাপে নিবন্ধনের পর মোবাইলে এসএমএস আসা সাপেক্ষে করোনার টিকা নিতে পারবেন।

২৩ আগস্ট পর্যন্ত সদর উপজেলায় ১ লক্ষ ৯৩ হাজার ৬৯৯ জন টিকা গ্রহনের জন্য নিবন্ধন করেছেন আর টিকার প্রথম ডোজ গ্রহন করেছেন ৬৮ হজার ৯৫৯ জন। দ্বিতীয় ডোজ সম্পন্ন হয়েছে ২৫ হাজার ৭২৬ জনের। বাকিরা অপেক্ষায় রয়েছে এসএমএস আসা সাপেক্ষে টিকা নেওয়ার আশায়।

হরিণাকুণ্ডুতে কৃষি সম্পসারণ বিভাগের উদ্যোগে মাঠদিবস পালন

হরিণাকুণ্ডু উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে আয়োজিত ‘সমন্বিত বালাই ব্যবস্থাপনা কৌশলের মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদন’ প্রকল্পের আওতায় আইপিএম কৃষক মাঠ স্কুলের প্রশিক্ষণ সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। প্রশিক্ষণের মূল্যায়ন ও নিরাপদ ফসল উৎপাদনের উপর এ মাঠ দিবস অনুষ্ঠিত হয়।

সোমবার বিকাল ৪টার দিকে ভাতুড়িয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে গুড়পাড়া ভাতুড়িয়া গ্রামের কৃষকদের নিয়ে এই মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে। আইপিএম কৃষক মাঠ স্কুলের সাহায্য কীটনাশক ব্যতিরেকে পরিবেশ বান্ধব কৌশলের মাধ্যমে সমন্বিত উপায়ে সকল প্রকার ফসল উৎপাদন করা ও বালাই ব্যবস্থাপনা বিষয়ক কলা কৌশল উপস্থাপন করাই ছিল এই আইপিএম কৃষক মাঠ স্কুলের মূল উদ্দেশ্য।

বীর মুক্তিযোদ্ধা শাহাদত হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা কৃষি সম্পসারন বিভাগের সহকারী

কর্মকর্তা মাহবুবুর রহমান, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সিনিয়র সাংবাদিক শাহানুর আলম, সহকারী শিক্ষক আব্দুল মমিন, সাবেক বিডিআর সদস্য রমজান আলী, কৃষক বকুল হোসেন প্রমূখ। সভাটি পরিচালনা করেন ইউনিয়ন উপসহকারী ভূমি কর্মকতা মশিউর রহমান।

মেহেরপুরে ১৫ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ১৫ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ১০ জন, গাংনী ৩ জন, মুজিবনগর ২ জন।

সোমবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন।

সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১১৪ টি। তারমধ্যে ১৫ জন করোনা পজিটিভ। এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ১৬৩ জন। তার মধ্যে সদরে ২৯ জন, গাংনীতে ৫৪ জন এবং মুজিবনগরে ৩৯ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭৫ জন । মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৪ জন ও মুজিবনগরে ৩৯ জন।

মুজিবনগরে কোভিড-১৯ ক্ষতিগ্রস্থ পরিবার সমূহে

জরুরি খাদ্যসামগ্রী সহায়তা প্রদান

মুজিবনগরে গুডনেইবারস্ বাংলাদেশ মেহেরপুর সিডিপি কোভিড- ১৯ করোনা মহামারিতে উপজেলার ক্ষতিগ্রস্হ পরিবার সমূহে ২০২১ সালে (Response program-২) এর আওতায় সম্পূর্ণ লোকাল ফান্ড সংগ্রহের মাধ্যমে ক্ষতিগ্রস্থ পরিবারসমূহে ও সামাজিক নিরাপত্তা নিশ্চিত করণে তাদের কর্মএলাকায় পরিবার প্রতি ৭ কেজি চাউল, ১কেজি ডাউল,১লিটার সয়াবিন তৈল,১কেজি লবণ,এবং ২টা করে হাত ধোয়ার সাবান প্রদান করা হয়।

জরুরি খাদ্যসামগ্রী বিতরণ উপলক্ষে সোমবার বেলা সাড়ে ৩ টার সময় গুডনেইবারস্ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিস চত্তরে এক অনুষ্ঠানের আয়োজন করা হয় গুডনেইবারস্ মেহেরপুর সিডিপি মেডিক্যাল অফিসার সাজদ্বীপ ইসলামের সঞ্চালনায় এবং সিডিপি

ম্যানাজার লিংকন রায় এর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্হিত ছিলেন মুজিবনগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলাম,উপজেলা সমাজ সেবা কর্মকর্তা আব্দুর রব,কেদারগঞ্জ বাজার ব্যাবসায়ী কমিটির সভাপতি কুতুবউদ্দীন মল্লিক,সিডিপি সভাপতি ইউপি সদস্য শংকর বিশ্বাস,সিডিপি সহসভাপতি আক্কাস আলী,

অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে গুডনেইবারস্ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিস এর ম্যানাজার লিংকন রায় আপনারা অবগত আছেন যে, গুড নেইবার্স বাংলাদেশ দীর্ঘদিন যাবত বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে বিভিন্ন কার্যক্রম যেমন: শিশু উন্নয়ন: শিক্ষা, স্বাস্থ্য ও শিশু অধিকার সংক্রান্ত কর্মকান্ড; নারী উন্নয়ন: সমবায় ভিত্তিক আয়বৃদ্ধি এবং প্রজনন স্বাস্থ্য ও নারী উন্নয়ন; যুব উন্নয়ন: স্থানীয় যুবকদের জন্য কর্মমূখী শিক্ষা ও স্থানীয় স্বেচ্ছাসেবক কার্যক্রম পরিচালনা করে আসছে।

আমাদের দেশে কোভিড ১৯ সংক্রামিত হওয়ার আগে থেকেই জনসচেতনতা মূলক প্রচারনা, পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ে লিফলেট, পোষ্টার বিতরণ, সামাজিক যোগাযোগ মাধ্যমে বিভিন্ন জনসচেতনতা মূলক প্রচারনা এবং বিএমডিসি নিবন্ধনকৃতদের মাধ্যমে টেলিমেডিসিন স্বাস্থ্য সুবিধা প্রদান করে যাচ্ছি।

বর্তমানে আমরা করোনা মহামারিতে ক্ষতিগ্রস্হ পরিবারের মাঝে লোকাল ফান্ড সংগ্রহের মাধ্যমে খাদ্য সহায়তা প্রদান করে যাচ্ছি তার অংশ হিসাবে আজ ১৫২ টি পরিবারের মাঝে জরুরি খাদ্য সামগ্রী প্রদান করা হচ্ছে এবং আগামীতে আপনাদের সহযোগীতায় গুডনেইবারস্ মেহেরপুর সিডিপি এই সহায়তা প্রদান অব্যাহত রাখবে।

হরিনাকুন্ডুতে গুলিবিদ্ধ অজ্ঞাত ব্যক্তির লাশ উদ্ধার

ঝিনাইদহের হরিনাকুন্ডু পৌরসভার ১নং ওয়ার্ডের শুড়া গ্রামের পাশে দৌলখাল মাঠের মধ্যে মাথায় গুলিবিদ্ধ অজ্ঞাত এক ব্যক্তির মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

সোমবার সকালে কৃষকরা মাঠে কাজের উদ্দেশ্যে বের হলে মাঠের মধ্যে ব্রীজের ধারে রাস্তার পাশে লাশ পড়ে থাকতে দেখে হরিণাকুণ্ডু থানা পুলিশকে খবর দেয়। পুলিশ খবর পেয়ে সকাল ৯টার দিকে লাশের পাশে যায়। তবে লাশের সঠিক নাম পরিচয় জানা যায়নি।

অনুমানিক বয়স ৩৫ বছর হবে বলে ধারণা করা হচ্ছে। ঘটনা শোনার পরে সেখানে উপস্থিত হন শৈলকুপা-হরিনাকুন্ডু সার্কেলের এএসপি আরিফুল ইসলাম, হরিনাকুন্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুর রহিম মোল্লা।

এছাড়া সকাল ১১টায় পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম ঘটনাস্থল পরিদর্শণ করেন। খাল থেকে গুলির খুশাসহ বেশ কিছু আলামত উদ্ধার করা হয়েছে বলে হরিনাকুণ্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুর রহিম মোল্লা জানান।

কি কারনে বা কারা এই হত্যাকান্ড ঘটিয়েছে তা সঠিক জানা যায়নি। তবে পিবিআই, সিআইডিসহ পুলিশের বিভিন্ন বিভাগ দ্রুত হত্যাকান্ডের কারন উদঘাটনে কাজ করবে বলে জানান। লাশের সুরতহাল রিপোর্টের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

দর্শনায় প্রতিবন্ধী স্কুলের শিক্ষার্থীর মাঝে মাঝে প্রধানমন্ত্রীর উপহার খাদ্য সামগ্রী বিতরণ

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা পৌরসভার দক্ষিণ রামনগর প্রতিবন্ধী স্কুলের ১ শ ৮৮ জন শিক্ষার্থীর মাঝে প্রধানমন্ত্রীর উপহার খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।আজ সোমবার বেলা ১১ টার দিকে দর্শনা রামনগর প্রতিবন্ধী স্কুল চত্বরে এই খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।
উপজেলা প্রশাসনের খাদ্য সামগ্রী বিতরণী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রতিবন্ধী স্কুল পরিচালনা কমিটির সভাপতি সাইফুল ইসলাম জুয়েল। অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা পৌরসভার প্যানেল মেয়র মোঃ রবিউল ইসলাম সুমন, প্যানেল মেয়র-২ মোঃ রেজাউল ইসলাম কাউন্সিলর এনামুল কবির, সুরাতন নেছা, স্কুলের শিক্ষক সোভন দাস, মো: হাবিবুর রহমান, রেশমি সুলতানা রত্না, মোছা: নাসরিন নাহার, শো: শারমিন আক্তার মোছা: শিরিন আক্তার সহ স্থানীয় নেতৃবৃন্দ।